
পাওয়ার কাটের সময় বিনামূল্যে অতিরিক্ত সহায়তা পান।
প্রায়োরিটি সার্ভিসেসের জন্য নিবন্ধন করুন।
Scottish & Southern Electricity Networks

# যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য অতিরিক্ত সাহায্য

স্কটল্যান্ডের উত্তরাংশ ও মধ্য-দক্ষিণ ইংল্যান্ড জুড়ে যে তার ও কেব্‌লগুলি কমিউনিটির জন্য বিদ্যুৎ বয়ে নিয়ে আসে, আমরা সেগুলির দেখাশোনা করি। আমরা সেই কোম্পানী নই যারা আপনাকে বিদ্যুতের বিল পাঠায় – আমাদের কাজ হল বিদ্যুতের প্রকৃত নেটওয়ার্কের রক্ষণাবেক্ষণ ও মেরামত করা। যথাসম্ভব দ্রুত ও নিরাপদে পাওয়ার কাটের সমাধান করাও আমাদের কাজ।

আমরা জানি যে পাওয়ার কাট দুঃশ্চিন্তাজনক বা কঠিন হতে পারে, সেই কারণে আমরা অতিরিক্ত সহায়তা ও সমর্থন প্রদান করি। আমরা আপনাকে আরো অনেক বেশি ভালভাবে ও দ্রুত সাহায্য করতে পারি, যদি আমরা আগে থেকে জানি যে আপনার কী কী অতিরিক্ত সহায়তা প্রয়োজন হতে পারে। আপনি যদি প্রায়োরিটি সার্ভিসেসের জন্য নিবন্ধন করতে চান, এমন কি তা যদি শুধু সাময়িকভাবেও হয়, অনুগ্রহ করে আমাদেরকে **0800 294 3259** নম্বরে ফোন করুন বা সংযুক্ত ফর্মটি সম্পূর্ণ করুন।

## আপনি আমাদের সাথে নিবন্ধন করতে পারেন যদি আপনি:

- বধির হন বা শোনার অসুবিধা থাকে
- কোনো প্রতিবন্ধকতা থাকে
- পাঁচ বছরের কম বয়সের শিশুদের সঙ্গে থাকেন
- অন্ধ বা আংশিক দৃষ্টিশক্তিহীন হন
- কোনো দীর্ঘস্থায়ী অসুস্থতা থাকে
- বিদ্যুতে চলে এমন কোনো চিকিৎসা সরঞ্জাম/সহায়ক উপকরণ ব্যবহার করেন
- 60 বছরের বেশি বয়স হয়

নিশ্চিতভাবেই সবার প্রয়োজন আলাদা, তাই আপনার প্রয়োজনগুলি সম্পর্কে আলোচনা করার জন্য বিনা দ্বিধায় আমাদের সঙ্গে যোগাযোগ করুন।



# আমরা কী অর্জন করার লক্ষ্য রাখি

### পাওয়ার কাটের সময় অগ্রাধিকার

আমাদের প্রায়োরিটি সার্ভিসেস লাইন দিনের 24 ঘন্টাই উপলব্ধ থাকে। অত্যাবশ্যক রক্ষণাবেক্ষণের কাজ করার জন্য আমাদের যদি আপনার পাওয়ার বন্ধ করার প্রয়োজন হয়, তাহলে আমরা আপনার সঙ্গে বা আপনার মনোনীত ব্যক্তির সঙ্গে যোগাযোগ করব।

### আপনার প্রয়োজনগুলির জন্য উপযোগী সুরক্ষা সংক্রান্ত উপদেশ

অনুরোধ করা হলে, আমরা আপনাকে আপনার প্রয়োজনোপযোগী মাধ্যমে পরামর্শ দিই যে পাওয়ার কাটের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হয়, যেমন ব্রেইল, টেক্সটফোন, অডিও সিডি বা ইংরেজী ছাড়া অন্য কোনো ভাষাতে।

### স্থানীয় জরুরী পরিষেবাগুলির সঙ্গে সংযোগ

আমাদের প্রায়োরিটি সার্ভিসেস রেজিস্টারে থাকা মানুষদের অতিরিক্ত সহায়তা দেওয়ার জন্য আমরা স্থানীয় কর্তৃপক্ষ, জরুরী পরিষেবা এবং ব্রিটিশ রেড ক্রস এর মতো এজেন্সীগুলির সঙ্গে কাজ করি।

### আপনার কমিউনিটির জন্য বন্দোবস্ত

চরম আবহাওয়ার ক্ষেত্রে এবং দীর্ঘ পাওয়ার কাটের সময়, স্থানীয় কল্যাণমূলক যানবাহনগুলির সঙ্গে আমাদের সংযোগ আমাদেরকে খাবার, পানীয়, উষ্ণতা ও চার্জিং পয়েন্ট দেওয়ার লক্ষ্যে সহায়তা করে।

### জরুরী বিদ্যুৎ সরবরাহ

আপনি যদি বিদ্যুতের ওপরে নির্ভরশীল চিকিৎসা সরঞ্জাম/ সহায়ক উপকরণ ব্যবহার করেন তাহলে আমাদের লক্ষ্য হল দীর্ঘ পাওয়ার কাটের সময় বহনযোগ্য জেনারেটর প্রদান করা।

### মনের শান্তি

আমরা একটি পরিষেবা দিই যেখানে আপনি স্কটিশ ও সাদার্ন ইলেকট্রিসিটি নেটওয়ার্কস-এর কর্মীদের সঙ্গে কাজকর্ম করার সময় একটি পাসওয়ার্ড ব্যবহার করতে সম্মত হচ্ছেন। এইভাবে আমরা আপনার ব্যক্তিগত নিরাপত্তা ও বাড়ির সুরক্ষার যত্ন নিতে পারি।

## আমাদের সব প্রায়োরিটি সার্ভিসগুলি **বিনামূল্য**

# প্রায়োরিটি সার্ভিসগুলির জন্য আজই রেজিস্টার করুন।

ফর্মটি পূরণ করুন বা বিনামূল্যে ফোন করুন

0800 294 3259

0800 316 5457
টেক্সটফোন

আরো জানুন
ssen.co.uk/priorityservices এ

## পাওয়ার কাটের জন্য প্রস্তুত থাকুন।

কিছু গরম পোশাক ও ব্যাটারী চালিত টর্চ হাতের কাছে রাখুন।

যে কোন চিকিৎসা সরঞ্জামের জন্য আপনার ব্যাক-আপ পাওয়ার আছে কিনা যাচাই করুন।

যাচাই করুন যে আপনার স্টেয়ারলিফট ম্যানুয়াল ভাবে চালানো যায় কিনা অথবা এতে ব্যাটারি ব্যাক-আপ আছে কিনা।

Scottish & Southern Electricity Networks

POWER CUT? CALL 105

/ssencommunity

@ssencommunity

Scottish and Southern Electricity Networks হল Scottish and Southern Energy Power Distribution Limited এর ব্যবসায়িক নাম, যার স্কটল্যান্ডে নিবন্ধন নং হল SC213459; Scottish Hydro Electric Transmission plc যার স্কটল্যান্ডে নিবন্ধন নং হল SC213461; Scottish Hydro Electric Power Distribution plc যার স্কটল্যান্ডে নিবন্ধন নং হল SC213460; (সবগুলিরই নিবন্ধিত অফিস Inveralmond House 200 Dunkeld Road Perth PH1 3AQ এ অবস্থিত); এবং Southern Electric Power Distribution plc যার ইংল্যান্ড ও ওয়েলসে নিবন্ধন নং হল 04094290 এবং নিবন্ধিত অফিস 1 Forbury Place 43 Forbury Road Reading RG1 3JH এ অবস্থিত যেগুলি SSE Group www.ssen.co.uk এর সদস্য

# প্রায়োরিটি সার্ভিসগুলির নিবন্ধন ফর্ম

অনুগ্রহ করে দুটি পাতাই প্রিন্ট করে পূরণ করুন এবং ফেরত দিন।

**পাওয়ার কাটের সময় অতিরিক্ত**
সাহায্যের প্রয়োজন হতে পারে এমন মানুষদের জন্য যোগাযোগের বিবরণ

**সম্বোধন** ______ **নাম** ______

**পদবী** ______

**ঠিকানা** ______

______ **পোস্টকোড** ______

**বাড়ির ফোন** ______

**মোবাইল ফোন** ______

**টেক্সটফোন** ______

**বাড়িতে সাক্ষাতের জন্য সুরক্ষা**
**(সর্বাধিক 10 টি অক্ষর)**
আপনার সঙ্গে সাক্ষাৎ করার সময় আপনি যদি চান আমরা একটি পাসওয়ার্ড ব্যবহার করি, তাহলে অনুগ্রহ করে তা এখানে দিন ______

**আমার মনোনীত যোগাযোগের ব্যক্তি** (যদি প্রযোজ্য হয়)
প্রায়োরিটি সার্ভিসেস ও বিদ্যুৎ সরবরাহের বাধার প্রসঙ্গে যে বন্ধু বা পরিবারের সদস্যের সঙ্গে আমরা যোগাযোগ করতে পারি।

**সম্বোধন** ______ **নাম** ______

**পদবী** ______

**বাড়ির ফোন** ______

**মোবাইল ফোন** ______

**টেক্সটফোন** ______

**সম্পর্ক** ______

আমরা আপনার তথ্য কীভাবে সংগ্রহ, সঞ্চয় ও প্রক্রিয়া করি সেই বিষয়ে তথ্যের জন্য ssen.co.uk/PrivacyNotice/ -এ আমাদের প্রাইভেসি নোটিশ গোপনীয়তার বিজ্ঞপ্তি দেখুন (কাগজের প্রতিলিপির অনুরোধ করতে আমাদের সঙ্গে যোগাযোগ করুন)।

আপনার যদি এখন আর প্রায়োরিটি সার্ভিসেসের প্রয়োজন না থাকে, তাহলে **0800 294 3259** নম্বরে আমাদের ফোন করুন অথবা টেক্সটফোনে **0800 316 5457** নম্বরে আমাদের সঙ্গে যোগাযোগ করুন বা Networks.Priority.Services@sse.com এ ই-মেইল করুন, আর আমরা রেজিস্টার থেকে আপনাকে সরিয়ে দেব।

## অনুগ্রহ করে এখানে পাঠান:

Priority Services, Scottish and Southern Electricity Networks, FREEPOST, RTGH-TXXT-ZAEG
Inveralmond House, 200 Dunkeld Road, Perth, PH1 3AG

Scottish & Southern Electricity Networks

# প্রায়োরিটি সার্ভিসগুলির নিবন্ধন ফর্ম

অনুগ্রহ করে দুটি পাতাই প্রিন্ট করে সম্পূর্ণ করুন এবং ফেরত দিন।

**নিবন্ধন করার কারণ** (প্রযোজ্য সব বক্সগুলিতে টিক দিন)

**যে চিকিৎসা সরঞ্জাম/সহায়ক**
উপকরণগুলি বিদ্যুতের ওপরে নির্ভরশীল

Equipment Type

- ☐ দীর্ঘস্থায়ী অসুস্থতা
- ☐ অন্ধ
- ☐ আংশিক দৃষ্টিশক্তি
- ☐ শ্রবণক্ষমতা হানি বা বধিরতা
- ☐ কথা বলার অসুবিধা
- ☐ সীমিত নড়াচড়া
- ☐ শারীরিক প্রতিবন্ধকতা
- ☐ বুদ্ধিজনিত রোগাবস্থা
- ☐ মানসিক স্বাস্থ্য
- ☐ স্মৃতিভ্রংশতা
- ☐ 60 এর বেশি বয়স
- ☐ 5 বছরের কম বয়সী শিশু আছে এমন পরিবার

**অস্থায়ী:**

- ☐ পরিবারে কম বয়সী প্রাপ্তবয়স্ক
- ☐ হাসপাতাল থেকে আসার পরে আরোগ্যলাভ
- ☐ জীবনের পরিবর্তন

**অন্য যে যে কারণে আপনার অতিরিক্ত সাহায্যের প্রয়োজন হতে পারে**
(অনুগ্রহ করে নির্দিষ্ট করুন)

**যদি ইংরেজী আপনার মাতৃভাষা না হয়, তাহলে আমাদেরকে বলুন কোন ভাষায় কথা বলেন?**

**আপনি আমাদের সম্পর্কে কীভাবে শুনেছিলেন?**

## এই ফর্মে স্বাক্ষর করার অর্থ আপনার জন্য কী হবে

আপনি এই ফর্মে স্বাক্ষর করে নিশ্চিত করছেন যে, আপনি বোঝেন যে, আমাদেরকে কোনো জরুরী পরিস্থিতিতে তৃতীয় পক্ষগুলির কাছে আপনার বিবরণ দেওয়ার প্রয়োজন হতে পারে, যাতে আমরা আপনাকে প্রায়োরিটি সার্ভিসেস প্রদান করতে পারি; এর অন্তর্ভুক্ত হতে পারে ব্রিটিশ রেড ক্রস; স্থানীয় কর্তৃপক্ষগুলি বা জরুরী পরিষেবাগুলি। আপনি যদি কাউকে মনোনীত করে থাকেন তাহলে প্রায়োরিটি সার্ভিসেস প্রদান করার সময় আপনি আমাদেরকে আপনার মনোনীত যোগাযোগের ব্যক্তির সঙ্গে আপনার পক্ষ থেকে কথা বলার জন্য স্পষ্টভাবে সম্মতি দিচ্ছেন। অর্থাৎ আমরা আপনার সম্পর্কে এবং আপনার সরবরাহের বিষয়ে তাদের সঙ্গে তথ্য ভাগ করে নিতে পারি।

**বড় হাতের অক্ষরে নাম**

**স্বাক্ষরিত**

**তারিখ**

## আপনার বিশদ তথ্য ভাগ করে নেওয়া

আপনার সম্মতি নিয়ে আমরা আপনার শক্তি সরবরাহকারী ও গ্যাস পরিবহনকারীকে আপনার বিশদ তথ্য দিতে পারি, যারা এমন প্রায়োরিটি সার্ভিসেস প্রদান করতে যার থেকে আপনি উপকৃত হতে পারেন।

☐ আমি আমার বিশদ তথ্য ভাগ করে নেওয়ার জন্য সম্মতি দিচ্ছি